

# মঙ্গলবার এইচএসসির ফল প্রকাশ, জানা যাবে যেভাবে

নিজস্ব  
প্রতিবেদক

১৪ অক্টোবর,  
২০২৪ ১৯:২৬

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

এইচএসসি ও সমমানের ফল প্রকাশ হবে আগামীকাল মঙ্গলবার। ফল প্রকাশে আগের মতো কোনো আনুষ্ঠানিকতা থাকছে বলে জানিয়েছেন আন্তঃশিক্ষা বোর্ড সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার

সরকার।

তিনি বলেন, ‘মঙ্গলবার সকাল ১১টায় স্ব স্ব বোর্ড চেয়ারম্যান তাদের দপ্তরে বসে ফল প্রকাশ করবেন। এরপর শিক্ষার্থীরা বিভিন্ন মাধ্যমে তাদের ফল জানতে পারবেন।

তবে আন্তঃশিক্ষা বোর্ডের পক্ষ থেকে সব বোর্ডের ফলাফলের একটি সারসংক্ষেপ তৈরি করা হবে। যা গণমাধ্যম কর্মীদের সরবরাহ করা হবে।’

## আরো পড়ুন



‘গর্ভবতী’ পরীমনির লুক এলো সামনে

সূত্র জানায়, আগের বছরগুলোতে ফল প্রকাশের নির্ধারিত দিনে শিক্ষামন্ত্রী বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের অনুলিপি তুলে দিতেন। এরপর শিক্ষা মন্ত্রণালয় এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ফলাফলের বিস্তারিত তুলে ধরতেন।

এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিয়েছে প্রায় ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ শিক্ষার্থী। তবে বৈষম্যবিরোধী

আন্দোলনের সময় মাঝপথে বন্ধ হয়ে যাওয়া পরীক্ষার ফল এসএসসির সাবজেক্ট ম্যাপিংয়ের মাধ্যমে দেওয়া হবে বলে জানা যায়।

### যেভাবে জানা যাবে ফল

অন্যান্য বারের মতের এবারও শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটের পাশাপাশি যে কোনো মোবাইল থেকে এসএমএস করে উচ্চমাধ্যমিকের ফল জানা যাবে। ঢাকা বোর্ডের ওয়েবসাইট ও বোর্ডগুলোর সমন্বিত ওয়েবসাইটে ঢুকে পরীক্ষার্থীরা রোল ও রেজিস্ট্রেশন নম্বর টাইপ করে ফল জানতে পারবে।

মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমেও ফল জানতে ইংরেজিতে এইচএসসি লিখে স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০২৪ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফল জানতে পারবে শিক্ষার্থীরা।